



GEOGRAPHICA

(E-Magazine)

Session: 2021-2022

Volume: II



Climate Matters: Understanding Our Changing World

Department of Geography

Hazi A. K. Khan College



Message from HOD

Department of Geography

Hazi A. K. Khan College

As the head of the Department of Geography, it is my honour to introduce this special edition dedicated to one of the most pressing issues of our time: climate change and sustainable development. We are living in an era where our actions have profound consequences on the planet, and it is our collective responsibility to steer the world towards a more sustainable future.

Climate change represents an existential threat that transcends borders and affects every aspect of our lives. The scientific consensus is clear, and the need for immediate action is undeniable. From unprecedented wildfires and hurricanes to the melting of polar ice caps, the signs of a warming planet are all around us. This edition aims to shed light on the severity of these challenges while also highlighting the innovative solutions and resilient strategies being adopted globally.

Sustainable development is the path forward. It offers a holistic approach that harmonizes economic progress with environmental stewardship and social well-being. Through sustainable practices, we can ensure that future generations inherit a world that is not only liveable but thriving. In this issue, we explore a range of topics, including renewable energy innovations, sustainable agriculture, and the role of green technology in reducing our carbon footprint.

Our team has worked diligently to bring you stories of hope and ingenuity. We feature interviews with leading experts, insights from community leaders, and case studies of successful sustainability initiatives. These narratives serve as beacons of hope, illustrating that change is possible when we come together with purpose and determination.

Thank you for your continued support and for being a part of our mission to create a sustainable world.

With Regards,

Protyus Kumar Ghosh

HOD

Department of Geography

Hazi A. K. Khan College

Geographica

(2021-22)

Advisory Committee for E-magazine

- Protyus Kumar Ghosh [HOD]
- Parimal Karmakar, Teacher
- Bubai Ghosh, Teacher

Editorial Team for E-magazine

1. Rajikul Sk, Student
2. Salma Khatun, Student
3. Abdur Rouf, Student

Editor's Desk

Welcome to this special edition of 'GEOGRAPHICA' (2021-22) where we focus on the urgent and ever-critical topics of climate change and sustainable development. As we stand at a pivotal moment in history, it is imperative that we recognize the profound impact of our actions on the planet and work collectively towards a sustainable future.

Climate change is no longer a distant threat but a present reality affecting every corner of the globe. From rising sea levels and extreme weather events to the loss of biodiversity, the evidence is undeniable. It is a clarion call for immediate and sustained action. In this issue, we explore the multifaceted challenges posed by climate change and highlight innovative solutions being implemented worldwide to mitigate its effects.

Sustainable development is the blueprint for a better and more resilient future. It encompasses a holistic approach that balances economic growth, social inclusion, and environmental protection. Our articles delve into the core principles of sustainability, showcasing inspiring stories of communities, organizations, and individuals who are making a tangible difference.

The path to sustainability is not without its challenges, but it is a journey we must embark on together. The stories within these pages highlight the resilience, creativity, and determination of those at the forefront of this vital cause. They serve as a reminder that while the task ahead is daunting, collective action can yield powerful results.

Thank you for being an integral part of our community. Together, we can make a difference.

Sincerely,

Parimal Karmakar

Teacher

Department of Geography

Hazi A. K. Khan College

CONTENT

Page No.

1. পৃথিবীর রূপের পরিবর্তন
শবনম ফেরদৌস 1-3
2. Loss of Biodiversity
Salma Khatun 4-6
3. Ecosystem
Rojina Khatun 7-10
4. Evidences of Climate Change
Debjit Mondal 11-13
5. জলবায়ুর পরিবর্তন ও তার প্রভাব
মহঃ নাইস ইসলাম 14-15
6. Climate Change: Duties as Student(s)
Sakil Mondal 16-17
7. Sustainable Life Style: A Need of the Era
Asma Khatun 18-19
8. পরিবেশ বান্ধব জীবন যাপন
প্রদ্যুৎ বিশ্বাস 20-22
9. Climate Change
Shipra Bhaskar 23
10. জলবায়ু পরিবর্তন রোধের সাত উপায়
আব্দুর রউফ 24-26
11. জলবায়ু পরিবর্তন ও বন্যপ্রাণী
অমিত মণ্ডল 27-28
12. আগামী শুভযাত্রা
রাজিকুল সেখ 29

পৃথিবীর রূপের পরিবর্তন

শবনম ফেরদৌস

(Session: 2021-22)

ধাপে ধাপে সৃষ্টি হয়েছে এই পৃথিবী,
কত কত যুগ পেরিয়ে গেছে,
কত কত পরিবর্তন দেখা গেছে।
একসময় পৃথিবী জলন্ত অগ্নিপিশু ছিল,
তারপর ঠান্ডা শীতল হয়ে,
অনেকবার অজস্র ভূতাত্ত্বীয় পরিবর্তন পৃথিবীতে ঘটে গেছে,
পরবর্তীতে এই পৃথিবীতে প্রাণের অস্তিত্ব দেখা দিয়েছে,
যুগের সাথে সময়ের সাথে তাল মিলিয়েই চলছে এই পৃথিবী।

পৃথিবীতে প্রাকৃতিক পরিবেশ অদ্ভুত রকমের সুন্দর এবং ভয়ংকর।
একদিকে ,প্রকৃতির সৃষ্টি প্রাকৃতিক বিষয়গুলি,
যা নিজের গতিতে,নিজের ছন্দে,
নিজের মতন করে পরিবেশন করে-
কখনো আগ্নেয়গিরির অগ্নুপাতের দৃশ্য,
কখনো বরফাবৃত পর্বতের দৃশ্য,
কখনো পাহাড় থেকে ঝরে পড়া ঝরনার মনোরম দৃশ্য,
নদীর গতিপথের দৃশ্য,
সমুদ্রের জলোচ্ছ্বাসের দৃশ্য,
ধু ধু বালুকাময় মরুভূমির দৃশ্য,
মালভূমি ও সমভূমিতে ঘটে থাকা অনেক অনেক রকমের দৃশ্য.....
বিভিন্ন স্থানে, বিভিন্ন মৃত্তিকা বনভূমির ,জঙ্গল জীবজন্তুর বৈচিত্র্যও চোখে পড়ে।

আবার,কোথাও কোথাও ধ্বংস হয়ে গড়ে উঠেছে

নতুন পরিবেশ বা নতুন স্থান

পৃথিবীতে তিন ভাগ জল একভাগ স্থল- কথাটি যেমন সত্য,
ঠিক তেমনি সত্য স্থলে বসবাসকারী মানুষেরা বড়ই স্বার্থপরায়ন।

অপরদিকে, মনুষ্য সৃষ্ট অর্থনৈতিক পরিবেশ,
প্রকৃতিকে নিজের ছন্দে বাধা দিতে বা গোপ্রাসে গিলতে আসা এই মানুষেরা একমাত্র দায়ী।

মহান বিজ্ঞ পন্ডিতেরা, বিজ্ঞানীরা

অচেনা বিষয়কে চিনতে শেখায়,

অজানাকে জানতে শেখায়,

কত কত বিষয় আছে যেগুলো আবিষ্কার করেছেন।

আবার এমনও বিষয় আছে যেগুলো পৃথিবীকে ধ্বংসের মুখে ছুড়ে ফেলে দিচ্ছে,
এই জ্ঞানীগুণী মানুষেরা পৃথিবীর রূপের পরিবর্তনের জন্য বিশেষভাবে দায়ী।

প্রকৃতিতে যত সম্পদ আছে তার সমস্তটুকু গ্রাস করে, মুনাফা অর্জনের আশায়।

মানুষ নিজের বিলাসিতার জন্য সবকিছু করতে রাজি:

বড় বড় ইমারত, অট্টালিকা, পাকা রাস্তা,

কাঁচা রাস্তার বদলে অত্যাধিক কংক্রিটের রাস্তা-ঘাট,

বাঁধ নির্মাণ, প্রচুর পরিমাণে যানবাহন প্রভৃতি।

এক কথায় বলা যায়, উন্নত পরিকল্পনায় অর্থ-উপার্জন করার জন্য,

অ-কর্ম, কু-কর্মে যখন প্রাকৃতিক অবস্থা বেহাল হয়ে পড়ে।

সুন্দর পরিবেশকে অসুন্দর করার দায়িত্ব নিয়েছে এই মানুষেরা।

জল-মাটি-বায়ু স্বাভাবিক থেকে অস্বাভাবিক অবস্থায় পৌঁছে যায়,

অতিরিক্ত জল দূষণ, মৃত্তিকা দূষণ, বায়ুদূষণ এইসব যখন বাড়তে থাকে

আবহাওয়া জলবায়ুর আমূল পরিবর্তন ঘটে,

পক্ষান্তরে সেই লোভী মানুষেরাই বিভিন্ন রোগে জর্জরিত হয়ে প্রতিনিয়ত মারা যায়।

তবুও মানুষেরা প্রকৃতির ধ্বংসের কাজে ব্যস্ত,

কিন্তু প্রকৃতি ধ্বংস হলে যে মানুষও চিরতরে শেষ।

এই মানুষেরাই নিজের বোকামিতে নিজের সর্বনাশ ডেকে আনে।

তারপর ভয়ংকর পরিবেশের সৃষ্টি হয়:
ভূমিকম্প, ধস, সুনামি, অগ্নুপাত, খরা, বন্যা, বিধ্বংসী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস,
তুষারপাত, শিলা বৃষ্টি, জল সংকট, দাবানল, বিশ্ব উষ্ণায়ন প্রভৃতির
ফলে শত শত প্রান নিমেষেই শেষ।
মানুষের প্রকৃতিকে প্রয়োজন
প্রকৃতির মানুষকে নয়,
নিশ্চুপ পৃথিবীও মাঝে মাঝে লীলা খেলা দেখায়,
গর্জে ওঠে অপকর্মের বিরুদ্ধে।

আসুন সকল মানুষ হাতে হাত রেখে,
পৃথিবীর হাতটাও শক্ত করে ধরে রাখি,
পৃথিবীর রূপের পরিবর্তন না ঘটিয়ে।



Loss of Biodiversity

Salma Khatun

(Session: 2021-22)

আমাদের পৃথিবী বৈচিত্র্যময় বাস্তুতন্ত্রে সমৃদ্ধশালী। পৃথিবীর প্রায় সর্বত্রই ছোট বড় উদ্ভিদ ও প্রাণীর সমাবেশ লক্ষ্য করা যায়। এগুলির আকার, আকৃতি, রং, বাসস্থান, খাদ্য ইত্যাদি সমস্ত কিছুতেই রয়েছে বৈচিত্র্য। বিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে জীবের এই বৈচিত্র সম্পর্কে জানা। বর্তমানে পরিবেশ বিষয়ক চিন্তাধারায় একটি পরিচিত বিষয় হল "জীববৈচিত্র্য"। জীব বৈচিত্র্য হল জীব সম্পর্কিত বৈচিত্র্য(Biological Diversity) এর সংক্ষিপ্ত রূপ। যখন কোন বাস্তুক্ষেত্রে বহুসংখ্যক নানা প্রজাতির জীব ও জীবগোষ্ঠীর নিজেদের বাঁচিয়ে রাখার জন্য পরস্পর সহবস্থান করে তাকেই জীব বৈচিত্র্য বলে। প্রকৃতি বা পরিবেশের মধ্যে বাস্তুতন্ত্রের বহুরূপতাই জীববৈচিত্রের উৎস। 1980 সালে Thomas E. Lovejoy "জীববৈচিত্র" কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন।

জীববৈচিত্র্য সংরক্ষণের প্রয়োজনীয়তা বা গুরুত্ব: পৃথিবীর প্রতিটি প্রজাতির উদ্ভিদ ও প্রাণীর মধ্যে একটি পারস্পারিক আন্তঃসম্পর্ক থাকে। ফলে প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকে। কিন্তু একটি প্রজাতি অবলুপ্তির ফলে অন্য প্রজাতির অস্তিত্ব বিপন্ন হতে পারে। তাই প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য জীববৈচিত্র অতি গুরুত্বপূর্ণ। জীববৈচিত্র্য নষ্ট হলে খাদ্য ও খাদ্যস্তর অস্থিতিশীল হয়ে পড়বে এবং বাস্তুতন্ত্র বিপন্ন হবে। জীব বৈচিত্র্য আছে বলে বাস্তুতন্ত্র সুরক্ষিত আছে। এর জন্যই মানুষ খাদ্য ও ভেষজ কাঁচামালের যোগান পায়। জীব বৈচিত্র্য আছে বলেই পরিবেশের শক্তি প্রবাহ ঘটে, খাদ্য খাদক সম্পর্কের ভিত্তিতে প্রাণী ও কীটপতঙ্গ বেঁচে থাকে। পরিবেশ রক্ষা ও দুর্যোগ নিবারনের ক্ষেত্রে জীববৈচিত্র্য কার্যকর প্রভাব বিস্তার করে। যেমন- ম্যানগ্রোভ অরণ্য ক্রান্তীয় ঘূর্ণবাত ও সুনামি প্রভাব থেকে উপকূল অঞ্চলকে অনেকটাই রক্ষা করতে পারে। সাংস্কৃতিক মূল্যবোধ রক্ষা করা, দূষণ নিয়ন্ত্রণ করা প্রভৃতি ক্ষেত্রে জীববৈচিত্র বিশেষ ভূমিকা পালন করে।

জীববৈচিত্রের বিনাশ বা অবক্ষয়ের কারণ: সময়ের নিরিখে বিভিন্ন স্থানে ব্যাপক মাত্রায় জীববৈচিত্র্য পরিবর্তন ঘটে চলেছে। দ্রুত পরিবর্তনের মাধ্যমে কোন কোন স্থানে জীব বৈচিত্র বিনাশের চিত্রটি ভয়ংকর আকার ধারণ করেছে। যখন কোন প্রজাতির জীব কোন বংশধর না রেখেই মারা যায় বা নষ্ট হয়ে যায় তখন এই ঘটনাকে প্রজাতি বিলুপ্তি বলে। জীব বৈচিত্র বিনাশের মূল কারণ হলো প্রজাতি বিলুপ্তি। বিভিন্ন কারণে জীব বৈচিত্র্য বিনাশ হতে পারে। এইসব কারণকে দুইভাগে ভাগ করে আলোচনা করা হয়। যথা প্রাকৃতিক কারণ ও মনুষ্যসৃষ্ট কারণ।

1. প্রাকৃতিক কারণ:

1. বেশিরভাগ সময়েই জলবায়ুর পরিবর্তনের সাথে প্রজাতি গুলি মানিয়ে নিতে পারেনা। জলবায়ুর পরিবর্তনের ফলে বাস্তুতান্ত্রিক পরিবেশের বিপুল পরিবর্তন হওয়ায় জীব বৈচিত্র ধ্বংসের সম্মুখীন হয়।
2. অগ্ন্যুৎপাত এর সময় লাভা প্রবাহের ফলে বহু উদ্ভিদ ও প্রাণী উত্তপ্ত লাভার মধ্যে ঢাকা পড়ে ফলে অসংখ্য প্রজাতি বিপন্ন হয়।

3. মহাকাশ থেকে আগত গ্রহানু বা উল্কা পৃথিবীপৃষ্ঠে আছড়ে পড়লে ধূলিকণা সৃষ্টি হয় তাতে বহু প্রজাতির ক্ষতি হয়।

4. বিশাল অঞ্চল জুড়ে বন্যা, খরা বা মহামারী হলে বিভিন্ন প্রজাতির বিলুপ্তি ঘটে।

II. মনুষ্যসৃষ্ট কারণ:

1. ব্যাপক মাত্রায় বিক্ষোভের ফলে উদ্ভিদ ও প্রাণীর বাসস্থান এলাকা কমে যায়। মূলত উদ্ভিদের উপর নির্ভর করেই অসংখ্য প্রজাতি নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখে। বৃক্ষ ছেদনের ফলে সেইসব প্রজাতি বিলুপ্তির পথে।

2. তৃতীয় বিশ্বের দেশগুলিতে চোরাশিকালের ফলে অসংখ্য প্রাণী (যেমন- বাঘ, হাতি, হরিণ প্রকৃতি) আজ বিলুপ্ত হতে চলেছে।

3. অতিমাত্রায় পশু পালনের ফলে পশুপালকের গভীর জঙ্গলে প্রবেশ করে। ফলে ওই অঞ্চলে বাস্তুতন্ত্র ও জীববৈচিত্রের অবক্ষয় ঘটে।

4. বাইরে থেকে কোন প্রাণীর আগমন ও আক্রমণের ফলে স্থানীয় জীব প্রজাতির উপর প্রভাব পড়ে থাকে (যেমন জলাশয় এ কুমিরের প্রবেশ)।

5. অতিমাত্রায় জনসংখ্যা বৃদ্ধির ফলে কৃষিজমি ও বনজঙ্গল পরিষ্কার করে বাসস্থান তৈরি করা হচ্ছে। ওই সকল স্থানে স্থানীয় জীব সংখ্যার উপর প্রভাব পড়ছে।

6. পরিবেশের গুণগত মানের বিভিন্ন কারণে অবক্ষয় ঘটলে বাস্তুতন্ত্রের অবনমন ঘটে, জীব প্রজাতির সঠিক প্রজনন বিঘ্ন হয়।

7. পরিবেশ দূষণের মাত্রা বৃদ্ধির ফলে ভূমণ্ডলীয় উষ্ণতাও বৃদ্ধি পায়, ফলে বাস্তুতন্ত্রের অধিক ক্ষতি হয়।

8. কৃষি ক্ষেত্রে অধিক মাত্রায় শস্য উৎপাদনের আশায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার, কীটনাশক ব্যবহার প্রভাবের ফলে বিভিন্ন প্রজাতি আজ বিনাশের পথে।

9. কোন কোন ক্ষেত্রে উদ্ভিদের ব্যবহারিক গুরুত্ব মাত্রাতিরিক্ত হওয়ায় তার সংগ্রহের প্রভাব অতিমাত্রায় বৃদ্ধি পাচ্ছে। ফলে ওই সকল উদ্ভিদের পরিমাণ হ্রাস পায় বলে জীববৈচিত্র বিনষ্ট হয়।

10. জনসচেতনতার অভাবে জীব বৈচিত্র আজ কঠিন পরিস্থিতির শিকারে।

জীব বৈচিত্র্য সংরক্ষণের কৌশল বা পদ্ধতি: জীববৈচিত্র্য রক্ষা করতে পারলে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা যাবে তাই জিনগত প্রজাতিগত ও বাস্তুতন্ত্রগত- তিনটি স্তরে জীব বৈচিত্র্য সংরক্ষণ করা জরুরী।

1. প্রজাতি বৈচিত্র্য সংরক্ষণ: কোন প্রজাতির জীবের বিলুপ্তি প্রতিরোধ করে প্রজাতি বৈচিত্র্য সংরক্ষণ করা হয়। এক্ষেত্রে দুটি প্রচলিত পদ্ধতি হল-

ইন-সিটু সংরক্ষণ: প্রাণী ও উদ্ভিদ কে বাঁচিয়ে রেখে স্বাভাবিক আবাসে যে রক্ষণ তাকে ইন সিটু সংরক্ষণ বলে। যেমন অভয়ারণ্য, সংরক্ষিত বনভূমি ইত্যাদি।

এক্স-সিটু সংরক্ষণ: প্রাণীদের নিজেদের বাসস্থান থেকে দূরবর্তী স্থানের যে সংরক্ষণ তাকে এক্স সিটু সংরক্ষণ বলে।

2. বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য সংরক্ষণ: কোন বাস্তুতন্ত্রের প্রজাতি সমূহের সামগ্রিক সংরক্ষণ কে বোঝায়। যেমন- একটি অরণ্য বা পুকুরের বাস্তুতন্ত্র গঠনকারী উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণের মাধ্যমে অরণ্য বা পুকুরের বাস্তুতন্ত্রের জীববৈচিত্র্য কে সংরক্ষণ করা।

3. জিন বৈচিত্র্য সংরক্ষণ: জীবদেহের বিভিন্ন অংশ সংরক্ষণ করে বিভিন্ন বিপন্ন জিন প্রজাতির জীব বৈচিত্র্য সংরক্ষণ করা হয়। পৃথিবীর বিভিন্ন দেশে প্রায় সাত হাজার শস্য প্রজাতির একটি জিন ভান্ডার গড়ে তোলা হয়েছে।

গত ৫০ বছরে গড়ে ৬০% এর বেশি বন্যপ্রাণী হ্রাস পেয়েছে। যে হিসেবে গত ১০ মিলিয়ন বছরের তুলনায় বর্তমানে প্রজাতি বিলুপ্তির গড় হার ১০ থেকে ১০০ গুণ বেশি। পৃথিবীব্যাপী বায়োস্ফিয়ার রিজার্ভগুলো মানুষ কর্মকাণ্ডে অস্বাভাবিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

জীববৈচিত্র্য সংরক্ষণে ভারত: ভারতে মোট ৬০৫ টি সংরক্ষণ অঞ্চল আছে এর মধ্যে ১১৫ টি বন্যপ্রাণী অভয়ারণ্য ও ৯০টি জাতীয় উদ্যান।

1. উল্লেখযোগ্য সংরক্ষণ অঞ্চল: ভারতের উল্লেখযোগ্য সংরক্ষণ অঞ্চলগুলি হল- হিমালয় জাতীয় উদ্যান, তরায় অঞ্চল, মধ্য ভারতের শাল অরণ্য অঞ্চল, মরু ও মরুপ্রায় অঞ্চল, কচ্ছের রান, পশ্চিমঘাট পার্বত্য অঞ্চল, নীলগিরি উপকূল অঞ্চল ও আনদাবান নিকোবর দ্বীপপুঞ্জ।

2. উল্লেখযোগ্য জাতীয় উদ্যান: ভারতের উল্লেখযোগ্য জাতীয় উদ্যানগুলি হল- নামদাফা(অরুণাচল প্রদেশ), সাসান গির(গুজরাট), কাজিরাঙ্গা (অসম), গ্রেট হিমালয়ান(হিমাচল প্রদেশ), পেরিয়ার(কেরলা), সিমলিপাল(উড়িষ্যা), কানহা(মধ্য প্রদেশ), জিম করবেট(উত্তরাখন্ড), সুন্দরবন(পশ্চিমবঙ্গ) প্রকৃতি।

3. উল্লেখযোগ্য বন্যপ্রাণী অভয়ারণ্য: কালাকাডু, মুদু, পয়েন্ট ক্যালিমিয়ার, সত্যমঙ্গলম, নন্দনকানন, নারায়ণ সরোবর, কচ্ছের রান, গির অরণ্য প্রভৃতি।



Ecosystem

Rojina Khatun
(Session: 2021-22)

Ecosystem (বাস্তুতন্ত্র): ইংরেজি Ecosystem কথাটির বাংলা প্রতিশব্দ হলো বাস্তুতন্ত্র। ব্রিটিশ বিজ্ঞানী A.G Tansley 1935 সালে প্রথম Ecosystem শব্দটি ব্যবহার করেছিলেন তার Ecology নামক পুস্তকে।

কোন একটি নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক রাসায়নিক জৈবিক ক্রিয়া প্রতিক্রিয়ার মাধ্যমে যেকোনো আয়তনে একটি প্রণালী সৃষ্টি হলে তাকে বাস্তুতন্ত্র বলা হয়।

বৈশিষ্ট্য:

1. নির্দিষ্ট ক্ষেত্র: বাস্তুতন্ত্রের একটি নির্দিষ্ট এলাকা বা স্থান বা ক্ষেত্র থাকে যা ছোট, বড় বা মাঝারি আয়তনের হয়।
2. বিভিন্ন উপাদানের সমষ্টি: একটি বাস্তুতন্ত্রে সব ধরনের সজীব ও নিরজীব উপাদান থাকে।
3. নির্দিষ্ট সময়: একটি নির্দিষ্ট সময়ে বা কালে একটি বাস্তুতন্ত্র গড়ে ওঠে এবং এর জন্য সময় গত এককে এটি বিবেচিত হয়।
4. জটিল পদ্ধতি: একটি বাস্তুতন্ত্রের মধ্যে বিভিন্ন ধরনের সজীব ও নিরজীব উপাদানের পারস্পরিক ক্রিয়া বিক্রিয়া ও আন্তঃসম্পর্ক অত্যন্ত জটিল পদ্ধতিতে অগ্রসর হয়।
5. শক্তির উৎস সূর্য: বাস্তুতন্ত্রের শক্তির মূল উৎস হলো সূর্য বা সৌরশক্তি এবং বাস্তুতন্ত্রের বিভিন্ন পর্যায়ে এই শক্তিই তাপ শক্তি, যান্ত্রিক শক্তি, রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।
6. পুষ্টি চক্র: বাস্তুতন্ত্রের মধ্যে দিয়ে পুষ্টি চক্র আবর্তিত হয়।
7. উপাদান গুলির মধ্যে পারস্পরিক সম্পর্ক: বাস্তুতন্ত্রের মধ্য দিয়ে শক্তির প্রবাহ চলমান থাকে বলে বিভিন্ন উপাদানের মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে ওঠে।

বাস্তুতন্ত্রের শ্রেণীবিভাগ: উৎপত্তি অনুসারে বাস্তুতন্ত্র দুই প্রকার প্রাকৃতিক ও কৃত্রিম বাস্তুতন্ত্র।

A. প্রাকৃতিক বাস্তুতন্ত্র: প্রকৃতির দ্বারা সৃষ্টি ও আপনা আপনি গড়ে ওঠা বাস্তুতন্ত্র কে প্রাকৃতিক বাস্তুতন্ত্র বলে। এই বাস্তুতন্ত্র দুই প্রকার। যথা:—

1. স্থলজ বাস্তুতন্ত্র
2. জলজ বাস্তুতন্ত্র।

1. স্থলজ বাস্তুতন্ত্র: ভূত্বকের স্থলভাগে গড়ে ওঠা বাস্তুতন্ত্র কে স্থলজ বাস্তুতন্ত্র বলে। এটি পাঁচ প্রকার।
যেমন:-

- i. বনভূমি বাস্তুতন্ত্র: চিরহরিৎ ,পর্ণমচি , সরলবর্গীয় , ম্যানগ্রোভ অরণ্য।
- ii. তৃণভূমির বাস্তুতন্ত্র: এটি দুই প্রকার:-
 - a. নাতিশীতোষ্ণ তৃণভূমির বাস্তুতন্ত্র:স্টেপ ,প্রেইরী ,ডাউনস্ , পম্পাস , ভেল্ট তৃণভূমির বাস্তুতন্ত্র।
 - b. ক্রান্তীয় তৃণভূমির বাস্তুতন্ত্র: সাভানা ক্যাম্পেপাস তৃণভূমির বাস্তুতন্ত্র।
- iii. মরুভূমির বাস্তুতন্ত্র:
 - a. উষ্ণ মরুভূমির বাস্তুতন্ত্র: সাহারা,কালাহারি ,আটাকামা, আরব, থর, পশ্চিম অস্ট্রেলীয় মরুভূমির।
 - b. নাতিশীতোষ্ণ মরুভূমির বাস্তুতন্ত্র: গোবি,প্যাটাগোনিয়া মরুভূমির বাস্তুতন্ত্র।
- iv. পার্বত্য বাস্তুতন্ত্র: হিমালয়, রকি, আল্পস্ পার্বত্য অঞ্চলের বস্তুতন্ত্র।
- v. তুন্দ্রা বাস্তুতন্ত্র: সুমেরু সংলগ্ন বরফাবৃত অঞ্চলের বাস্তুতন্ত্র।

2. জলজ বাস্তুতন্ত্র: ভূত্বকের জলভাগে অর্থাৎ সমুদ্র , নদনদী, খাড়ি, পুকুর , হ্রদ, জলাশয়ের জলের মধ্যে গড়ে ওঠা বাস্তুতন্ত্র কে জলজ বাস্তুতন্ত্র বলে।

জলজ বাস্তুতন্ত্রকে কয়েকটি ভাগে ভাগ করা হয় এবং সে গুলি নিম্নে আলোচনা করা হলো। যথা:-

- i. স্বাদু জলের বাস্তুতন্ত্র : এই বাস্তুতন্ত্রে জলের স্বাদ সুপ্রিয় গতি অনুসারে দুই প্রকার:-
 - a. প্রবাহমান জলের বাস্তুতন্ত্র: যেমন নদী ও খালের বাস্তুতন্ত্র।
 - b. স্থির জলের বাস্তুতন্ত্র: পুষ্করিণী জলাভূমি ও হ্রদের বাস্তুতন্ত্র।
- ii. নোনা জলের বাস্তুতন্ত্র: এই বাস্তুতন্ত্রের জলের স্বাদ নোনা। জলের গভীরতা অনুসারে এই বাস্তুতন্ত্র চার প্রকার: -
 - a. বেনথিক বাস্তুতন্ত্র: গভীর সমুদ্রের বাস্তুতন্ত্র। ৪% বাস্তুতন্ত্র এই প্রকার।
 - b. পিলেজিক বাস্তুতন্ত্র: উন্মুক্ত সমুদ্রের বাস্তুতন্ত্র। সমুদ্রের পৃষ্ঠ স্তরের নোনা জলের বাস্তুতন্ত্র। c. নেটেরিক বাস্তুতন্ত্র: গভীর সমুদ্রের নোনা জলের বাস্তুতন্ত্র। যেমন মহীসোপানের বাস্তুতন্ত্র। সমুদ্রের 92% বাস্তুতন্ত্র এই প্রকার।

d. প্রবাল প্রাচীর বাস্তুতন্ত্র: প্রবাল প্রাচীর গুলো বিশ্বের প্রসিদ্ধ সামুদ্রিক বাস্তুতন্ত্র। সবচেয়ে বৃহত্তম প্রবাল প্রাচীর হল গ্রেট ব্যারিয়ার রিফ।

iii. মিশ্র জলের বাস্তুতন্ত্র: নদীখাড়ির বাস্তুতন্ত্র, উপকূলীয় জলাভূমির বাস্তুতন্ত্র, ম্যানগ্রোভ বাস্তুতন্ত্র। B. কৃত্রিম বাস্তুতন্ত্র: মানুষ নিজ প্রয়োজনে প্রাকৃতিক উপাদানকে কাজে লাগিয়ে যে বাস্তুতন্ত্র তৈরি করে তাকে কৃত্রিম বাস্তুতন্ত্র বলে। জীবের বাসভূমি অনুসারে এটি দুই প্রকার। যথা:-

1. স্থলজ কৃত্রিম বাস্তুতন্ত্র: কৃষিক্ষেত্র, আকৃত জমি, বাগান, গ্রাম ও শহরের বাস্তুতন্ত্র।

2. জলজ কৃত্রিম বাস্তুতন্ত্র:

নির্মিত বাঁধ ও জলাধার নির্মিত পুকুর ও দিঘির বাস্তুতন্ত্র।

উপাদান:

1. অজৈব উপাদান: জল, জলে দ্রবীভূত অনুখাদ্য, তাপমাত্রা, সূর্যালোক।

2. সজীব উপাদান:

a. উৎপাদক: উদ্ভিদ, প্ল্যাঙ্কটন, শ্যাওলা, বাঁঝি, কচুরিপানা, পদ্ম, শালুক প্রভৃতি।

b. প্রাথমিক খাদক: প্রাণী, প্ল্যাঙ্কটন, জলজ কীটপতঙ্গ, লার্ভা ইত্যাদি।

c. গৌণ খাদক: ব্যাঙ, ছোটো মাছ, কিছু অমেরুদণ্ডী প্রাণী। d. প্রগৌণ খাদক: বড়ো মাছ, বক, সারস, প্রভৃতি প্রাণী।

e. বিয়োজক: ব্যাকটেরিয়া, ছত্রাক প্রভৃতি

গঠন:

পরিবেশ আন্তঃস্থ একটি বাস্তুতন্ত্রের সকল অজীব ও সজীব উপাদানগুলি একত্রিত ভাবে যে রূপসম্বন্ধিক অবস্থার সৃষ্টি করে তাকে বাস্তুতন্ত্রের গঠন বলে। বাস্তুতন্ত্রের গঠন খুবই বিস্তৃত প্রকৃতির। বাস্তুতন্ত্রের গঠনকে মূলত মध्ये দুই ভাগে ভাগ করে আলোচনা করা যেতে পারে।

A. অজীব গঠন: বাস্তুতন্ত্রের প্রাণহীন উপাদান নিয়ে অজীব গঠন তৈরি হয়। এই অজীব গঠনকে আবার তিন ভাগে ভাগ করা যায়। যথা:-

1. অজৈব গঠন: বাস্তুতন্ত্রের অজৈব উপাদান গুলির মিলিত প্রভাবে যে সাম্বন্ধিক অবস্থার সৃষ্টি করে তাকে বাস্তুতন্ত্রের অজৈব গঠন বলে। বাস্তুতন্ত্রের অজৈব উপাদান গুলি হল:- অক্সিজেন, নাইট্রোজেন, হাইড্রোজেন, কার্বন ডাই অক্সাইড, ফসফরাস, সালফার, ক্যালসিয়াম, অ্যামাইনো অ্যাসিড ইত্যাদি। উপাদানগুলি জৈব ভূ-রাসায়নিক চক্রের মাধ্যমে পরিবেশের ভারসাম্য বজায় রাখে এবং এদের ওপর বাস্তুতন্ত্রের উৎপাদক ও বিভিন্ন প্রকার খাদকের অস্তিত্ব নির্ভরশীল।

2. জৈব রাসায়নিক গঠন: মৃত উদ্ভিদ ও প্রাণীর দেহাবশেষ পচে সৃষ্ট কার্বোহাইড্রেড, প্রোটিন, ফ্যাট প্রভৃতি এবং জৈব পদার্থ থেকে উৎপন্ন রাসায়নিক উপাদান এগুলি বাস্তুতন্ত্রের সজীব ও নিরজীব উপাদান গুলির মধ্যে সংযোগ স্থাপন করে।

3. ভৌত গঠন: জল, মাটি, বাতাস, সূর্যালোক প্রকৃতি বিভিন্ন ভৌত উপাদান গুলি মিলিত হয়ে বাস্তুতন্ত্রের ভৌত গঠন সুসম্পন্ন করে। এই সব ভৌত উপাদান গুলির গুরুত্ব সীমাহীন। যেমন:- সূর্যালোকের সাহায্যেই সবুজ উদ্ভিদের সালোকসংশ্লেষ হয় এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাস্তুতন্ত্রের সমগ্র প্রক্রিয়াটি সচল থাকে।

B. সজীব গঠন: বাস্তুতন্ত্রের অন্তর্গত সমস্ত উদ্ভিদ ও প্রাণী একসঙ্গে যে সাম্বন্ধিক অবস্থার সৃষ্টি করে তাকে বাস্তুতন্ত্রের সজীব গঠন বলে। বাস্তুতন্ত্রের সজীব গঠন কে দুটি উপবিভাগে ভাগ করে আলোচনা করা যেতে পারে। যথা:-1. স্বভোজী গঠন: বাস্তুতন্ত্রের স্বভোজী গঠন বলতে মূলত সবুজ উদ্ভিদ বা উৎপাদকের অংশগ্রহণে সৃষ্ট গঠন কে বোঝায়। সবুজ উদ্ভিদ বা উৎপাদকরা সূর্যালোক, জল, কার্বন ডাই অক্সাইড প্রভৃতির সরল জৈব উপাদানের সাহায্যে জটিল খাদ্য উৎপাদন করতে পারে। এই ধরনের খাদ্যে সৌরশক্তি রাসায়নিক শক্তি হিসেবে আবদ্ধ থাকে। গাছের পাতায় থাকা ক্লোরোফিল এই সৌরশক্তিকে আবদ্ধ করে। আর খাদ্য প্রস্তুতির এই প্রক্রিয়াকে বলে সালোকসংশ্লেষ।

2. পরভোজী গঠন: বাস্তুতন্ত্রের পরভোজী গঠনে অংশগ্রহণকারী জীবগুলি নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে না। এরা খাদ্যের জন্য উৎপাদক বা স্বভোজীদের প্রস্তুত করা খাদ্যের ওপর নির্ভর করে।



Evidences of Climate Change

DEBJIT MONDAL

(Session: 2021-22)

যে সমস্ত বিষয়গুলির দ্বারা জলবায়ু নির্ধারিত হয় (যেমন - বৃষ্টিপাতের পরিমাণ, বাতাসের উষ্ণতা, আদ্রতা, বায়ুর বেগ, আকাশের মেঘের পরিমাণ ইত্যাদি) সেগুলির দীর্ঘস্থায়ী পরিবর্তন ঘটলে তাকে জলবায়ু পরিবর্তন বলে।

এক্ষেত্রে দীর্ঘস্থায়ী বলতে অন্ততপক্ষে ৩০ বছর বা তার বেশি সময়কে বোঝায়।

জলবায়ু পরিবর্তনের প্রমাণ:- জলবায়ুর পরিবর্তন সম্পর্কে বিভিন্ন প্রমাণ লক্ষ করা যায়। সেই প্রমাণগুলি নিম্নরূপ-

i) **বৃষ্টিপাতের পরিবর্তন** :- বৃষ্টিপাতের পরিবর্তন জলবায়ু পরিবর্তনের অন্যতম প্রমাণ। গবেষণায় দেখা গেছে উচ্চ অক্ষাংশে অর্থাৎ ইউরোপ ও উত্তর আমেরিকায় বৃষ্টি ও তুষারপাত ক্রমশ বেড়েছে এবং নিম্ন অক্ষাংশে অর্থাৎ এশিয়া ও আফ্রিকার ক্রান্তীয় অঞ্চলে বৃষ্টিপাত কমেছে। তবে সবমিলিয়ে পুরো পৃথিবীতে বিগত ১০০ বছরে প্রায় ১% বৃষ্টিপাত বেড়েছে। এই সময়ে উত্তর আমেরিকা মহাদেশ জুড়ে বৃষ্টিপাত বেড়েছে প্রায় ৫% মতো। বিশ্ব তাপমাত্রা বৃদ্ধি এবং ফলস্বরূপ জলের অধিক বাষ্পীভবন ও উদ্ভিদের বাষ্পমোচনের হার বৃদ্ধির কারণে এই পরিবর্তন ঘটেছে বলে মনে করা হয়। বিজ্ঞানীরা মনে করেন পুরো একবিংশ শতক জুড়ে উত্তর গোলার্ধে বৃষ্টি ও তুষারপাতের বৃদ্ধি ঘটতে থাকবে এবং ক্রান্তীয় অঞ্চলে বৃষ্টিপাত সামান্য হারে কমতে থাকবে। দক্ষিণ গোলার্ধের মধ্য ও উচ্চ অক্ষাংশে বৃষ্টিপাত মোটামুটি একই থাকবে।

ii) **আবৃত মেঘের পরিবর্তন**:- আকাশে মেঘের পরিমাণ পরিবর্তন জলবায়ু পরিবর্তনের অন্যতম নির্দেশক। গত ৬০ বছরের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে উত্তর গোলার্ধের উচ্চ অক্ষাংশের আকাশে মেঘের পরিমাণ একটু একটু করে বাড়ছে, এই বৃদ্ধি গত ১০০ বছরে প্রায় ২% এর কাছাকাছি। আকাশে মেঘের পরিমাণ বৃদ্ধি দৈনিক তাপমাত্রা প্রসরের অবনমনকে চিহ্নিত করে। দৈনিক তাপমাত্রার প্রসর বলতে দিনের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার পরিমাণ ক্রমশ বাড়তে থাকে। দিনের সর্বনিম্ন তাপমাত্রা বাড়লে আকাশে মেঘের পরিমাণ বাড়ার সম্ভাবনা থাকে। সাম্প্রতিক উপগ্রহ চিত্রে ওশেনিয়া মহাদেশের আকাশে মেঘের পরিমাণ বৃদ্ধির তথ্য ধরা পড়েছে। যদিও সমগ্র পৃথিবীর হিসেবে মেঘের পরিমাণ বৃদ্ধি তেমন উল্লেখযোগ্য কিছু নয়।

iii) **জল ও বায়ুর তাপমাত্রা বৃদ্ধি**:- শিল্পবিপ্লবের পর থেকে সমুদ্র পৃষ্ঠের তাপমাত্রা ক্রমশ বেড়েই চলেছে। শিল্পবিপ্লবের শুরু মোটামুটিভাবে ১৮৭০ সাল থেকে। তারপর থেকে আজ পর্যন্ত পৃথিবীর তাপমাত্রা বেড়েই চলেছে। তাপমাত্রা হ্রাস-বৃদ্ধির প্রবণতা অনুসারে ১৮৭০ সালের পরবর্তীতে সময়কে ৪ ভাগে ভাগ করা যেতে পারে। যেমন -

(ক) ১৮৭১-১৯১০ সাল পর্যন্ত সময়ে তাপমাত্রা বাড়া কমান কোনো সুনির্দিষ্ট প্রবণতা দেখা যায়নি।

(খ) ১৯১১-১৯৪৫ সাল পর্যন্ত সময়ে তাপমাত্রা বেড়েছে প্রায় ০.৫° সে. -এর মতো।

(গ) ১৯৪৬-১৯৭৫ সাল পর্যন্ত বৃদ্ধি পাওয়ায় পরিবর্তে তাপমাত্রা কমেছে প্রায় ০.১৫° সে।

iv) **অন্যান্য প্রামাণ্য :-** পৃথিবীর অধিকাংশ ঘূর্ণিঝড়ের উতপত্তি আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরে। বর্তমানে এই সমস্ত ঝড়ের দাপট যেমন বেড়েছে তেমনই বেড়েছে ঘূর্ণিঝড়ের সংখ্যা। গবেষণায় দেখা গেছে ১৯৭০ সালের পরবর্তীত সময়ে এই দুই মহাসাগরে ঘূর্ণিঝড়ের সংখ্যা কমপক্ষে ৫০% বৃদ্ধি পেয়েছে। NASA -এর বিজ্ঞানীদের মতে টর্নেডো জাতীয় বিধ্বংসী ঘূর্ণিঝড়ের সংখ্যা বিগত ৩০ বছরে যথেষ্ট বেড়েছে এবং বর্তমান শতকে এদের সংখ্যা আরও বাড়বে। হ্যারিকেনের মতো বিধ্বংসী ঘূর্ণিঝড়ের সংখ্যা প্রতি শীতে বেড়েই চলেছে। তুষার ঝড়ের সংখ্যাও লক্ষণীয়ভাবে বেড়েছে আমেরিকা ও ইউরোপে।

জলবায়ু পরিবর্তনের কারণ:- পৃথিবীর জলবায়ু ক্রমশ পরিবর্তনশীল। অতীতে জলবায়ু পরিবর্তন হয়েছে, বর্তমানে জলবায়ু পরিবর্তন হচ্ছে এবং ভবিষ্যতেও পরিবর্তিত হবে। জলবায়ু পরিবর্তনের বিভিন্ন কারণগুলি নিম্নরূপ-

i) **আগ্নেয় ভস্মের আচ্ছাদন:-** অতীতের পৃথিবীতে বারবার দীর্ঘকালব্যাপী আগ্নেয়গিরির অগ্নুৎপাত ঘটেছে। এই সমস্ত অগ্নুৎপাতে বিপুল পরিমাণে আগ্নেয় ভস্ম এবং ছাই বাতাসে মিশে যায়। ফলে মাঝেমাঝে নীচের বায়ুমণ্ডলে এক পুরু ভস্ম ও ছাই -এর আচ্ছাদন তৈরি হয় যা ভেদ করে সৌরতাপ পৃথিবীতে আসতে পারে না। অতীতে দীর্ঘদিন ধরে যখন এই ঘটনা চলেছিল তখনই পৃথিবীর তাপমাত্রা ক্রমশ শীতল হতে থাকে। মনে করা হয়, আজ থেকে প্রায় ৬০০ বছর আগে ইউরোপে যে ক্ষুদ্র হয়েছিল তা এর ফলেই ঘটেছিল।

ii) **ভূ-আন্দোলন ও সুউচ্চ পর্বত সৃষ্টি:-** জীবাশ্ম গবেষণায় প্রমাণিত হয়েছে সাম্প্রতিক অতীতের এক-একটি হিমযুগ পর্বত সৃষ্টিকারী এক-একটি ভূ-আন্দোলন -এর সাথে জড়িত। আসলে এক-একটি সুউচ্চ পর্বতমালা সৃষ্টি হলে মহাসাগরের বিশাল অংশ স্থলভাগরূপে জেগে ওঠে। স্থলভাগ জলভাগের তুলনায় কম তাপ ধরে রাখে এবং তাড়াতাড়ি তাপ বিকিরণের ফলে শীতল হয়। ফলে সম্পূর্ণ পৃথিবী শীতল হয়ে এক-একটি হিমযুগের সৃষ্টি করে। এভাবে পৃথিবীতে এসেছে এক-একটি দীর্ঘস্থায়ী হিমযুগ এক-একটি দীর্ঘস্থায়ী হিমযুগ।

iii) **মহাদেশে-মহাসাগরের অবস্থান:-** মহাদেশীয় চলন তত্ত্ব এবং পাত সঞ্চরণ তত্ত্ব প্রমাণ করেছে যে ভূত্বকের মহাদেশ এবং মহাসাগরগুলি চলমান এবং অনবরত আপাত অবস্থানের পরিবর্তন ঘটে চলেছে। ফলে মহাদেশগুলি মেরুর কাছাকাছি চলে এলে জলবায়ু শীতল হয় এবং নিরক্ষরেখার কাছাকাছি চলে এলে জলবায়ু উষ্ণ হয়।

বর্তমানে জলবায়ু পরিবর্তন:- বর্তমানে যে জলবায়ুর পরিবর্তন নিয়ে সারা পৃথিবীর মানুষ চিন্তিত তা কিন্তু অতীতের জলবায়ু পরিবর্তন বিষয়কে নিয়ে নয়, এটি অতি সাম্প্রতিককালে অর্থাৎ গত ২০০ বছরের জলবায়ুর পরিবর্তন নিয়ে। এই পরিবর্তন হল পৃথিবীর দীর্ঘ ইতিহাসের অতি সীমিত বর্তমানকালে প্রকৃতির ওপর মানুষের নির্মম কর্মকান্ডের ফলাফল। ক্রমাগত মাত্রাতিরিক্ত গ্রিন হাউস গ্যাস নিঃসরণে পৃথিবীর প্রাকৃতিক পরিবেশ, জীবকুল, মানুষ, সবই আজ ভয়ংকর বিপদের সম্মুখীন। বিপদ এতটাই যে বিজ্ঞানীদের মতে মাত্র ২০-৩০ বছরের মধ্যে বিশ্বতাপজনিত জলবায়ুর পরিবর্তনে পৃথিবীতে এক ভয়ংকর অবহিত বিপর্যয় আসতে চলেছে।

জলবায়ুর পরিবর্তনের প্রভাব:- জলবায়ুর পরিবর্তনের ফলে যে যে প্রভাবগুলি পরিলক্ষিত হয় সেগুলি হল - সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধি, সমুদ্র পৃষ্ঠের গড় তাপমাত্রা বৃদ্ধি, বৃষ্টিপাতের পরিবর্তন, ঘূর্ণিঝড়ের সংখ্যা বৃদ্ধি, ঘূর্ণিঝড়ের তীব্রতা বৃদ্ধি, বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধি, বায়ুমণ্ডলে মিথেনের মাত্রা বৃদ্ধি, বিশ্ব উষ্ণয়ন, কিছু এলাকায় বৃষ্টিপাতের হ্রাস, কিছু এলাকায় বৃষ্টিপাতের বৃদ্ধি, আবহাওয়ার চরমতা বৃদ্ধি ইত্যাদি।

সমস্ত তথ্য অধ্যয়ন করে বলা যায় যে জলবায়ু পরিবর্তন মানুষ সহ পৃথিবীব্যাপী সকল প্রাণী ও উদ্ভিদের জীবনে ব্যাপকভাবে প্রভাব বিস্তার করেছে।



জলবায়ুর পরিবর্তন ও তার প্রভাব

MD.Nice Islam

Session: 2020-21

জলবায়ুর বিভিন্ন উপাদান গুলি (তাপমাত্রা, বৃষ্টিপাত, বায়ুপ্রবাহ, বায়ুর চাপ ইত্যাদি) একটু একটু করে পরিবর্তন হচ্ছে। আর ওই সব উপাদানের পরিবর্তন বা বিচ্যুতি যখন কোন অঞ্চলে দীর্ঘদিন (অন্তত 3 দশক) স্থায়ী হয় তখন তাকে জলবায়ুর পরিবর্তন বলে।

Evidence of climate change (জলবায়ু পরিবর্তনের প্রমাণ)

বৃষ্টিপাতের পরিবর্তন: উচ্চ অক্ষাংশে অর্থাৎ ইউরোপ ও উত্তর আমেরিকায় বৃষ্টি ও তুষারপাত ক্রমশ বাড়ছে এবং নিম্ন অক্ষাংশ অর্থাৎ আফ্রিকার ক্রান্তীয় অঞ্চলে বৃষ্টিপাত কমছে।

তাপমাত্রা বৃদ্ধি:

1. 1871-1910 পর্যন্ত সময়ে তাপমাত্রা বাড়া কমার কোন সুনির্দিষ্ট প্রবণতা নজরে পড়েনি।
2. 1911-1945 পর্যন্ত সময়ে তাপমাত্রা বেড়েছে প্রায় 0.5° সে এর মতো।
3. 1946-1975 সময় কালে বাড়ার বদলে তাপমাত্রা কমেছে প্রায় 0.15° সে।
4. 1976-2012 সময় কালে তাপমাত্রা বেড়েছে প্রায় 0.70° সে।

Impact of climate change on the environment:

জলবায়ু পরিবর্তন হওয়ার ফলে পরিবেশে তার বিশেষ ভূমিকা দেখা যায়। জলবায়ু পরিবর্তনে পরিবেশের ওপর প্রভাব গুলি হল -

1. সমুদ্রের উচ্চতা বৃদ্ধি,
2. সমুদ্রের পৃষ্ঠের গড় তাপমাত্রা বৃদ্ধি,
3. বৃষ্টিপাত ও ভূপৃষ্ঠ প্রবাহের পরিবর্তন,
4. ঘূর্ণিঝড়ের তীব্রতা ও সংখ্যা বৃদ্ধি,
5. বায়ুতে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধি,
6. বিশ্ব উষ্ণায়ন,
7. বৃষ্টিপাতের হ্রাস বা কোন কোন স্থানে অতি বেশি পরিমাণে বৃষ্টিপাত।

Impact of climate change on the wildlife:

জলবায়ু পরিবর্তনের ফলে বন্যপ্রাণীদের ওপর প্রভাব পড়ে যেমন-

1. সমুদ্রের জলের উচ্চতা হ্রাস পাওয়ার ফলে উপকূলে বসবাসকারী বন্যপ্রাণীরা গৃহ চ্যুত হবে।
2. পাখিদের ডিম থেকে বাচ্চা হওয়াতে সমস্যা এবং যে সমস্ত পাখিরা ভ্রমণে আসে তারা নিজেদের পথ হারিয়ে ফেলে।
3. সঠিক সময়ে জলবায়ুর প্রবেশ বা প্রত্যাবর্তন না ঘটলে, পর্যাপ্ত পরিমাণে বৃষ্টিপাত ও উষ্ণতার অভাব দেখা দেবে, এবং বন্য উদ্ভিদ ও প্রাণীর মৃত্যু হবে।
4. শীত প্রধান অঞ্চলে উষ্ণতার বৃদ্ধির ফলে সেই স্থানের প্রাণীর অভিযোজনে অত্যাধিক সমস্যা দেখা দেয় ফলে সেই প্রাণীর মৃত্যু ঘটে।

Impact of climate change on the ecosystem:

Ecosystem অর্থাৎ বাস্তু তন্ত্র জলবায়ু পরিবর্তন হওয়ার ফলে অত্যাধিক পরিমাণে ক্ষতি হয়, যথা-

1. আমরা জানি আমাদের পরিবেশের প্রতিটি জীব বা প্রাণী একে অপরের উপর নির্ভরশীল, ফলে যে কোন একটি স্তরের প্রাণীর ক্ষতি হওয়া মানে সমস্ত ইকোসিস্টেমের ক্ষতি।
2. জলবায়ুর পরিবর্তনের ফলে বিভিন্ন প্রাণীর বিলুপ্ত ঘটে, ফলে বাস্তুতন্ত্রে প্রভাব দেখা যায়।
3. বৃষ্টিপাত কম হওয়ার ফলে পুকুরের বা ছোটো ছোটো হ্রদ গুলির জল শুকিয়ে গিয়ে সেই পুকুরে বসবাসকারী জীবসমূহ মারা যায় ফলে বাস্তুতন্ত্রে প্রভাব দেখা যায়।

জলবায়ু ঠিক রাখতে পদক্ষেপ সমূহ:

বিভিন্ন প্রকল্প গঠন যেমন- মন্ট্রিল প্রকল্প, UNFCCC এছাড়া বিভিন্ন সম্মেলন করে মানুষকে জানানো, গাছ না কাটা, পরিবেশ দূষণ না করা, বজ্র ব্যবস্থাপনা, CFC কম ব্যবহার ইত্যাদি।



Climate Change: Duties as Student(s)

Sakil Mondal

Session: 2020-21

Climate change refers to significant and long-term changes in the average weather patterns of a region or the Earth as a whole. It is primarily driven by human activities that increase the concentration of greenhouse gases (such as carbon dioxide, methane, and nitrous oxide) in the Earth's atmosphere. These gases trap heat from the sun, leading to a gradual increase in global temperatures.

Climate change is primarily caused by human activities that increase the concentration of greenhouse gases in the Earth's atmosphere. The main causes include- burning of fossil fuels, deforestation, industrial processes, uncontrolled generation of wastes, modern agricultural practices, rapid urbanisation etc.

